



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি।

স্মারক নম্বর- ২২৭

তারিখঃ ০২/০৩/২০২২ ইং

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৮ মার্চ ২০২২ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকার সময় কালিহাতি উপজেলা পরিষদের 'পল্লী উন্নয়ন ও সমবায়' সম্পর্কিত উপজেলা কমিটির সভা উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান জনাব রিনা পারভীন এর সভাপতিত্বে অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

- ১। গত সভার কার্যবিবরণী পাঠ।
- ২। ঋণ কার্যক্রমের সার্বিক অবস্থা নিয়ে আলোচনা।
- ৩। বিবিধ।

প্রাপক

.....  
.....

কালিহাতি, টাঙ্গাইল।

*Rane 02.06/2022*  
(রুবেল মিয়া)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
ও

সদস্য সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত উপজেলা কমিটি  
কালিহাতি, টাঙ্গাইল।

অনুলিপি :

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।
- ৩। অফিস নথি।

**পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব রিনা পারভীন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।  
সভার তারিখ : ০৮/০৩/২০২২ ইং  
সময় : সকাল ১১.০০ ঘটিকা  
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি এর অফিস কক্ষ।  
উপস্থিত সদস্যবৃন্দ : পৃথকভাবে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালিহাতিতে সভা পরিচালনা করার অনুরোধ করেন। অতপর গত সভার কার্যপত্রে কোন সংশোধনী আছে কিনা জানতে চান এবং কোন সংশোধনী না থাকায় আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্ণিতভাবে অধ্যকার সভার কার্যক্রম শুরু করেন।

১। জনাব মো: আজাদ হোসেন, চেয়ারম্যান, পাইকড়া ইউনিয়ন পরিষদ, কালিহাতি সভায় বলেন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসের মাধ্যমে যেসব ব্যক্তি বা সমিতিতে কৃষি খাতে ঋণ দেওয়া হয় ঋণ বিতরণ পরবর্তীতে তাদের নিয়মিত ফলোয়াপ করার জন্য অনুরোধ করেন। ঋণের টাকা সঠিক খাতে ব্যয় করাতে পারলে অবশ্যই ঋণ গ্রহীতার উপকৃত হবে। অন্যথায় ঋণ পাওয়ার পর তারা উক্ত টাকাগুলো সঠিক খাতে ব্যয় করেন না। বিধায় ঋণ বিতরণের উদ্দেশ্য সফল হয় না।

২। জনাব মো. সিরাজুল ইসলাম, চেয়ারম্যান, দুর্গাপুর ইউনিয়ন পরিষদ, কালিহাতি সভায় বলেন, যেসব সমিতিতে কৃষি খাতকে অগ্রাধিকার দিয়ে ঋণ বিতরণ করা হয় তাদেরকে নিয়মিত কৃষি বিষয়ে দিকনির্দেশনা প্রদানসহ ঋণের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। প্রকৃতপক্ষে ঋণ পাওয়ার উপযোগী ব্যক্তি বা সমিতিতেই ঋণ দেওয়ার জন্য সভায় প্রস্তাব করেন।

৩। জনাব মো: ছোহরাব আলী, চেয়ারম্যান, বীরবাসিন্দা ইউনিয়ন পরিষদ, কালিহাতি সভায় বলেন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসের মাধ্যমে বিভিন্ন সমিতিতে ঋণ বিতরণ করা হয়। ক্যাটাগরি ভিত্তিক সমিতির লোকজনকে ঋণ বিতরণের পাশাপাশি সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারলে ঋণের টাকার সঠিক ব্যবহার হতো। আদায়ের হার শতভাগ করা সম্ভব হতো।

সভাপতি, পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত উপজেলা কমিটি, কালিহাতি সভায় বলেন, সঠিক ব্যক্তি নির্বাচনপূর্বক ঋণ বিতরণ করাসহ ঋণের কিস্তি আদায়ের হার শতভাগ নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট অফিসের মাঠ কর্মীদের তাগিদ প্রদান করতে হবে। ঋণ গ্রহীতাগণ ঋণের টাকার সঠিক ব্যবহার যাতে করতে পারে সে লক্ষ্যে নিয়মিত তাদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।

**সিদ্ধান্তসমূহ :**

- ১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসের মাধ্যমে প্রকৃত কৃষকদের ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা করার সিদ্ধান্ত গ্রহণ।
- ২। প্রয়োজনে সমিতির লোকজনকে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করার সিদ্ধান্ত গ্রহণ।

অধ্যকার সভার অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



( রিনা পারভীন )  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
ও


সভাপতি  
পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত উপজেলা কমিটি  
কালিহাতি, টাঙ্গাইল।

স্মারক নম্বর: ২০৮

তারিখঃ ০৯/০৩/২০২২ ইং

অনুলিপি:

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ৪। চেয়ারম্যান, . . . . . ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ৫। অফিস নথি।

  
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
ও  
সদস্য সচিব  
পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত উপজেলা কমিটি  
কালিহাতি, টাঙ্গাইল।